আইসিটি খাতে ইএসএফ ঋণের মাধ্যমে প্রকল্প স্থাপনের নিমিত্তে
এক্সপ্রেশন অব ইন্টারেস্ট (EOI) ফরম পূরণের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশিকা।

১) EOI Form পূরণ এবং দাখিলের (Submit) পূর্বে আবেদনকারীকে আবশ্যিকভাবে এ নির্দেশিকা ও EOI ফরমে উল্লিখিত তথ্যাবলী পাঠ এবং তদানুযায়ী আবেদনপত্র পূরণ ও দাখিলের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

২) ইএসএফ ঋণের মাধ্যমে আইসিটি খাতে প্রকল্পের তালিকা সংযোজনী 'খ' তে দেখানো হয়েছে।

৩) প্রস্তাবিত প্রকল্পের ভূমির মলিকানা কোম্পানীর নামে/উদ্যোক্তাগণের নামে থাকতে পারে/উত্তরাধিকার সূত্রে উদ্যোক্তাগণের নামে অর্জিত হতে পারে। আবেদনপত্রের সংশ্লিষ্ট ঘরে ভূমি/ফ্ল্যাটের মালিকানা সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে দলিল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য প্রস্তাবিত ভূমি/ফ্ল্যাট কোন পর্যায়ে পরিবর্তনযোগ্য নয় ।

৪) আইসিটি খাতে শুধুমাত্র বিদ্যমান/পুরাতন কোন প্রকল্পের সম্প্রসারণ/উন্নয়নের লক্ষ্যে ইএসএফ ঋণের জন্য EOI ফরম দাখিল করা যাবে। নতুন প্রকল্প স্থাপনের লক্ষ্যে ইএসএফ ঋণের জন্য EOI ফরম দাখিল করা যাবে না ।

৫) দাখিলকৃত EOI ফরমে প্রদত্ত তথ্যাবলী কোন পর্যায়ে পরিবর্তন করা যাবে না ।

৬) দাখিলকৃত EOI এর প্রাপ্তি স্বীকার পত্রের কপি আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।

৭) আইসিটি খাতে ব্যাংক ঋণসহ কোন প্রকল্প প্রস্তাব ইএসএফ ঋণ সহায়তার জন্য বিবেচনা করা হবে না এবং কোন ঋণ খেলাপী (বাংলাদেশ ব্যাংকের সংজ্ঞা অনুসারে) ও *কোন ধরণের বিল খেলাপী* ইএসএফ ঋণ সহায়তা প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না।

৮) *ইএসএফ এর আওতায় একই পরিবারে একাধিক প্রকল্পে ঋণ মঞ্জুরি প্রদান করা হবে না।* এখানে "পরিবার" বলতে "ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১" এর ১৪(ক) ধারায় প্রদত্ত ব্যাখ্যা অনুযায়ী "কোন ব্যক্তির স্ত্রী, স্বামী, পিতা-মাতা, পুত্র-কন্যা, ভাই-বোন এবং ঐ ব্যক্তির উপর নির্ভরশীল সকলকে বুঝাবে।"

৯) ইইএফ এর আওতায় কোন উদ্যোক্তা/উদ্যোক্তাবৃন্দ ইতোপূর্বে কোন প্রকল্পের (খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি এবং আইসিটি ভিত্তিক) অনুকূলে ইইএফ সহায়তা গ্রহণ করে থাকলে উক্ত উদ্যোক্তা/উদ্যোক্তাবৃন্দ তাঁর/তাঁদের নিকট বকেয়া ইইএফ এর সমুদয় অর্থ পরিশোধ ব্যতিরেকে ইএসএফ এর আওতায় প্রকল্প স্হাপনের নিমিত্তে আবেদন করতে পারবেন না ।

১০) ইএসএফ এর আওতায় আইসিটি খাতের প্রকল্পের মোট ব্যয় সর্বনিম্ন ০.৫০ কোটি টাকা হতে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা পর্যন্ত ইএসএফ ঋণ সহায়তার জন্য বিবেচনাযোগ্য হবে ।

১১) EOI ফরম এর আর্থিক বিশ্লেষণসমূহ আবিশ্যকভাবে প্রকল্পের নিরীক্ষিত হিসাব বিবরণীতে থাকতে হবে ।

১২) আইসিটি প্রকল্পে উদ্যোক্তার একুইটি ও ইএসএফ ঋণ সহায়তার অনুপাত হবে ৫১% ঃ ৪৯%। তবে বাস্তবতার নিরিখে ঋণ সহায়তার পরিমাণ ৪৯% এর চেয়ে কমও হতে পারে । সেক্ষেত্রে উদ্যোক্তার একুইটির পরিমাণ আনুপাতিক হারে বৃদ্ধি পাবে(৫১% এর চেয়ে অধিক হবে)।

১৩) আবেদনকারীকে ব্যাংক হিসাবধারী ও কর প্রদানকারী হতে হবে এবং কর বিবরণীর IT-10B তে প্রদর্শিত সম্পদই তাঁর আর্থিক সামর্থ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৪) আইসিটি খাতভুক্ত প্রতিষ্ঠানকে আইসিটি শিল্পে ন্যূনতম ১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে । [RJSC তে নিবন্ধনের তারিখ হতে পূর্ণ ১(এক) বছর হতে হবে] ।

১৫) কোম্পানী আইন, ১৯৯৪ অনুযায়ী প্রাইভেট লিমিটেড কোম্পানীর সদস্য সংখ্যা ন্যূনতম ০২(দুই) জন এবং সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) জন পর্যন্ত হতে পারবে। উক্ত আইনে ঘোষিত অযোগ্য কোন ব্যক্তি কোম্পানীর পরিচালক/শেয়ারহোল্ডার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।

১৬) কোম্পানীতে কোন উদ্যোক্তা/পরিচালক/শেয়ার হোল্ডার এককভাবে ৮০% এর অধিক শেয়ার ধারণ করতে পারবেন না ।

১৭) কোন কোম্পানীতে অনিবাসী বাংলাদেশী (Non-Resident Bangladeshi - NRB) উদ্যোক্তা থাকলে তিনি/তাঁরা কোম্পানীর চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ contact person এর দায়িত্বে নিয়োজিত থাকতে পারবেন না।

১৮) ইএসএফ এর আওতায় আইসিটি খাতে ঋণের জন্য আগ্রহী উদ্যোক্তাগণ ইএসএফ উইং, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি), এনএসসি টাওয়ার (১৩-১৪তলা),৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০ হতে ফি বাবদ (অফেরতযোগ্য) ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মূল্যে বিস্তারিত গাইডলাইনসহ এর নির্ধারিত ফরম ক্রয়পূর্বক তা যথাযথভাবে পূরণ করে সরাসরি আইসিবিতে দাখিল করবে ।

১৯) প্রকল্পের জমি/ফ্ল্যাটের মালিকানা সংক্রান্ত কাগজপত্র, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধন সনদের মূল কপি এবং দাখিলকৃত EOI এর প্রাপ্তিস্বীকার পত্রের কপিসহ সকল উদ্যোক্তাকে একই সাথে আইসিবিতে আইসিটি প্রকল্প বিষয়ক "প্রকল্প মূল্যায়ন কমিটি" এর নিকট প্রকল্পের বিষয়ে সাক্ষাৎকার প্রদান করতে হবে। প্রস্তাবিত প্রকল্প সংক্ষিপ্ত তালিকাভুক্তিকরণের (Short Listed) ক্ষেত্রে প্রকল্প মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০) প্রকল্পে উদ্যোক্তার অংশ বিনিয়োগের পর ইএসএফ এর অর্থ কিস্তিতে (ন্যূনতম তিন কিস্তিতে এবং একক কিস্তির পরিমাণ ৪০% এর অধিক হবে না) ছাড় করা হবে ।

২১) একজন উদ্যোক্তা খাত নির্বিশেষে কেবল মাত্র একটি প্রকল্পের জন্য আবেদন করতে পারবেন ।

২২) প্রকল্পের পরিচালক/শেয়ারহোল্ডারগণের প্রত্যেকের সাম্প্রতিককালের পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি EOI আবেদন ফর্মের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে। সাদা ব্যাকগ্রাউন্ড এর ছবিতে সম্পূর্ণ মুখমন্ডল (face) সোজাসুজিভাবে দৃশ্যমান হতে হবে।

২৩) EOI আবেদন ফরম পূরণকালে কোন ওভাররাইটিং, কাটাকাটি অথবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

২৪) দাখিলকৃত অসম্পূর্ণ/ক্রুটিযুক্ত EOI বাতিল বলে গণ্য হবে ।

২৫) EOI দাখিলের সময় কোন মিথ্যা তথ্য প্রদান/জাল দলিলাদি দাখিল করা হলে তাঁর আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তিনি ভবিষ্যতেও প্রকল্প স্থাপনের জন্য EOI দাখিলের অযোগ্য বিবেচিত হবেন।

২৬) পূরণকৃত আবেদন ফরমের প্রতিপৃষ্ঠায় প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালককে সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

২৭) ইএসএফ সম্পর্কে বিস্তারিত আরো জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এবং আইসিবি এর ওয়েবসাইট www.eef.gov.bd ভিজিট করুন।